# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯৮৯

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৪৪. উমরার বর্ণনা

بَاب الْعُمْرَةِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ يَحْيَى الْخُشَنِيُّ، حَدَّثَنَا عُمَرُ بْنُ قَيْسٍ، أَخْبَرَنِي طَلْحَةُ بْنُ يَحْيَى، عَنْ عَمِّهِ، إِسْحَاقَ بْنِ طَلْحَةَ عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ، أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " الْحَجُّ جِهَادٌ وَالْعُمْرَةُ تَطَوُّعٌ " .

বাংলা

১/২৯৮৯। তালহা ইবনে উবায়দুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেনঃ হজ্জ হলো জিহাদ এবং উমরা হলো নফল।

## English

It was narrated from Talhah bin ‘Ubaidullah that he heard the Messenger of Allah (ﷺ) say:
“Hajj is Jihad and ‘Umrah is voluntary.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ২০০।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. হাসান বিন ইয়াহইয়া আল-খুশানী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি কখনো কখনো হাদিস বর্ণনায় কিছু ভুল করেন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী তবে তার স্মৃতিশক্তি দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। সুলায়মান বিন আবদুর রহমান আদ-দিমাশকী বলেন, তিনি সিকাহ। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১২৮৩, ৬/৩৩৯ নং পৃষ্ঠা) ২. উমার বিন কায়স

সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। আবুল কাসিম আল-বাগাবী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু বাকর আল-বাযযার বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু যুরআহ আদ-দিমাশকী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২৯৭, ২১/৪৮৭ নং পৃষ্ঠা) ৩. তালহাহ বিন ইয়াহইয়া বিন তালহাহ বিন উবায়দুল্লাহ সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী বলেন, কোন সমস্যা নেই। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সালিহ। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৯৮৪, ১৩/৪৪১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন